তারিখ : 11 SEP 2016
পৃষ্ঠা ...৩... কলাম ......৩...

সংবাদ

# শিক্ষার্থীদের বাধার মুখে মৌলভীবাজার সর. স্কুলে শিক্ষা প্রকৌশল ভবনের ভিত্তিপ্রস্তর!

প্রতিনিধি, শ্রীমঙ্গল (মৌলভীবাজার)

মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় শিক্ষার্থীদের বাধা উপেক্ষা করে বিদ্যালয় মাঠে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জোনাল অফিস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্থানীয় সংসদ সদস্য সৈয়দা সায়রা মহসীন। শুক্রবার সকাল সাড়ে এগারোটায় মৌলভীবাজার সরকারী উচ্চ বিদ্যালয় মাঠের দক্ষিন পার্শ্বে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জোনাল অফিস ভবনের ভিত্তিপ্রস্তর করা হয়েছে। মৌলভীবাজার জোন অফিসের নির্বাহী প্রকৌশলী. শেখ নাছিম রেজার সভাপতিত্বে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্থানীয় এমপি সৈয়দা সায়রা মহসীন। এ সময় জেলা প্রশাসক কামরুল হাসান, পৌর মেয়র ফজলুর রহমান, চেম্বার অব কমার্স সভাপতি কামাল হোসেনসহ স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় বক্তারা বলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মৌলভীবাজার জোনাল অফিস নির্মান হলে জেলার শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে সহায়ক হবে। এদিকে বিদ্যালয়ের খেলার মাঠ দখল করে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মৌলভীবাজার জোনাল অফিস স্থাপনের প্রতিবাদ করেন শিক্ষার্থীরা। একই সময়ে সেখানে মানববন্ধন করেন তারা।